# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রকল্প পরিচালক, "৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুন:খনন প্রকল্প (১ম পর্যায়)" ,বাপাউবো, ঢাকা।

এবং

মহাপরিচালক,

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১লা জুলাই, ২০২০ - ৩০ শে জুন, ২০২১

# সূচিপত্রঃ


**উপক্রমণিকা**

**কর্মসম্পাদনের সার্বিক চিত্র**

সেকশন ১: মাঠ পর্যায়ের কার্যালয়ের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপন পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

প্রকল্প পরিচালক, ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুন:খনন
প্রকল্প (১ম পর্যায়) ,বাপাউবো, ঢাকা এর পক্ষে

এবং

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দায়িত্বে নিয়োজিত বোর্ডের প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর মধ্যে ২০২০ সালের ......০৭..... মাসের ....২৯...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই  চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হল :

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রকল্প পরিচালক "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)" বাপাউবো, ঢাকার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Project Director "Re-excavation of Small River, Khal & Water Bodies in 64 Districts (phase-I)" and Superintending Engineer, Food for Works, Bangladesh Water Development Board, Dhaka).**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক অর্জন ঃ

পানি সম্পদ মন্ত্রণালয় তথা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড দেশের পানি সম্পদ উন্নয়ন ও এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বন্যা প্রতিরোধ, সেচ ব্যবস্থা, পানি নিষ্কাশন, আবাদযোগ্য জমি লবণাক্ততা থেকে রক্ষা, সমুদ্র হতে নতুন নতুন জমি উদ্ধার কাজে নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

মাননীয় **প্রধানমন্ত্রীর** প্রত্যক্ষ তত্ত্বাবধানে জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকির কারণে কাঙ্খিত উন্নয়নের দীর্ঘমেয়াদি চ্যালেঞ্জ মোকাবেলায় "বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০" নামে একটি মহাপরিকল্পনা গত ০৪-০৯-২০১৮ খ্রিঃ তারিখে একনেক (EC-NEC) অনুমোদন করেছে। আলোচ্য "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পটি "বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০" বাস্তবায়ন এর জন্য প্রস্তাবিত প্রকল্প তালিকার Capital CC 1.43: Revitalization of khals of all over the country এর প্রথম প্রকল্প। আলোচ্য প্রকল্পটি "বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০" এর লক্ষ্য-৪ এর অন্তর্গত এবং লক্ষ্য-১, লক্ষ্য-২ ও লক্ষ্য-৬ এর সাথে সম্পর্কযুক্ত। মাননীয় **প্রধানমন্ত্রীর** নির্দেশনায় "বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০" বাস্তবায়নের লক্ষ্যে এবং বর্নিত বিষয়সমূহের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের ৬৪টি জেলায় খাল, জলাশয় ও ছোট নদীগুলোর নাব্যতা বৃদ্ধি, পানি ধারন ক্ষমতা বৃদ্ধি, গ্রাউন্ড ওয়াটার রিচার্জ ও জীব-বৈচিত্র সংরক্ষনের লক্ষ্যে উপর্যুক্ত অঙ্গসমূহ পুনঃখনন করার নিমিত্ত আলোচ্য প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

"বাংলাদেশ ডেল্টা প্লান ২১০০" এর প্রথম প্রকল্প হিসেবে "৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃ খনন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের ডিপিপি গত ০৭-১১-২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক (EC-NEC) সভায় অনুমোদিত হয়েছে। সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটির ১ম সংশোধিত প্রাক্কলিত ব্যয় ২২৭১১৩.৬৭ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল নভেম্বর, ২০১৮ হতে ডিসেম্বর,২০২১ পর্যন্ত।

আলোচ্য প্রকল্পের মাধ্যমে বর্তমানে সারাদেশের ৩৭৫টি উপজেলা ও ২টি সিটি করপোরেশনে ৫১১ টি ছোট নদী, খাল ও জলাশয়ের মোট ৪৪৩৮.৫৭৮ কিমি পুন:খনন কাজ বাস্তবায়ন করা হচ্ছে। এ পুন:খনন কাজ বাপাউবো এর মাঠ পর্যায়ের ৭০ টি বিভাগীয় দপ্তরের অধিক্ষেত্রের আওতাভুক্ত। আলোচ্য প্রকল্পের আওতায় ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখননের জন্য মোট ৬৩০ টি প্যাকেজের কাজ অন্তর্ভূক্ত আছে। বর্তমানে প্রকল্পের সার্বিক অগ্রগতি ১২০০.০০ কিমি পূর্ণ এবং ১২০০.০০ কিমি আংশিক পুন:খনন কাজ বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ১.৩০ লক্ষ হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদানের মাধ্যমে বার্ষিক প্রায় ৩.৭৫ লক্ষ মেট্রিক টন ফসল উৎপাদন বৃদ্ধি; ১৫০০০ হেক্টর জমিতে মৎস চাষ; ২৫০০০ হেক্টর এলাকায় জীব-বৈচিত্র সংরক্ষণ, ৩.৬৫ লক্ষ হেক্টর এলাকায় বন্যা নিয়ন্ত্রণ; ৪১০০ কিঃমিঃ রাস্তা/যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন; ১৮০০.০০ কিমিঃ নৌ চলাচলের সহজ যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত এবং ৫.২০ লক্ষ হেক্টর এলাকার নিষ্কাশন ক্ষমতা বৃদ্ধি করে বন্যা ও জলাবদ্ধতা ঝুঁকি কমিয়ে আনা।

### সমস্যা ও চ্যালেঞ্জঃ

গঙ্গা, ব্রহ্মপুত্র-যমুনা ও মেঘনা এই তিনটি বৃহৎ নদী প্রণালীর মাধ্যমে প্রতি বছর প্রায় ১ বিলিয়ন টন পলি বাংলাদেশে প্রবেশ করছে। এ রিভার সিস্টেমের মাধ্যমে পলি ছড়িয়ে পড়ছে বিভিন্ন শাখা ও উপ শাখায়। ফলে নদী ও খালসমূহ ভরাট হয়ে যাচ্ছে। হারিয়ে যাচ্ছে নদীর নাব্যতা,কমে যাচ্ছে সেচ প্রদানের জন্য পানির প্রাপ্যতা। কৃষি কাজে ব্যবহারের জন্য কৃষকগণ ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীল হচ্ছে। ফলে পানির স্তর নিচে নেমে যাচ্ছে এবং আর্সেনিকের প্রভাব বৃদ্ধি পাচ্ছে। অন্যদিকে জলাবদ্ধতার কারনে ফসলহানি এবং খাল, জলাশয়, ছোট নদী ভরাটের ফলে জীব-বৈচিত্রের ও পরিবেশের উপর ব্যাপক ঋনাত্বক/বিরূপ প্রভাব পড়ছে।

আলোচ্য প্রকল্পের অঙ্গসমূহ (ছোট নদী /খাল/ জলাশয়) দীর্ঘদিন পুনঃখনন না করায় ও বাপাউবোর হুকুম দখলীকৃত জমি না থাকার কারণে স্থানীয় লোকজন দখল করায় অনেক স্থানে খনন কাজ ব্যাহত, খননকৃত/ উত্তোলিত মাটি (Spoil earth) রাখায় বিঘ্ন এবং ছোট নদী/খালের পাড়ে অবৈধভাবে ঘর-বাড়ী, দোকানপাট নির্মাণ ও বৃক্ষরোপন করায় অনেক স্থানে কাজ বাস্তবায়ন চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে SDG ৬ (Water SDG) এবং জলবায়ু পরিবর্তনের কারণে (SDG ১৩) ভারসাম্যহীন পরিবেশ মোকাবেলার লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রাণালয় হতে সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ ও তথ্য/উপাত্ত প্রদানকারী সংস্থাসমূহের সাথে পরামর্শ করে ২০৩০ সাল পর্যন্ত সমন্বিতভাবে কর্মপরিকল্পনা তৈরী করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ১০ বৎসর মেয়াদি প্রেক্ষিত পরিকল্পনা ও সপ্তম পঞ্চমবার্ষিক পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে দেশব্যাপী পর্যায়ক্রমে ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখননের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সারাদেশে প্রাথমিকভাবে চিহ্নিত ৫৩০৮ টি ছোট নদী, খাল ও জলাশয়ের মধ্যে "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে মাত্র ৫১১ টি ছোট নদী, খাল এবং জলাশয় অর্থাৎ শতকরা আনুমানিক ১০ ভাগ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন করা হচ্ছে। এর ধারাবাহিকতায় প্রস্তাবিত "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহন করা হয়েছে। দ্বিতীয় পর্যায়ে আনুমানিক ২৫০০ টি ছোট নদী, খাল ও জলাশয় পুনঃ খনন এর প্রস্তাব করা হয়েছে,বর্নিত ডিপিপি বর্তমানে পানি সম্পদ মন্ত্রনালয়ে প্রক্রিয়াধীন আছে। অবশিষ্ট ছোট নদী, খাল ও জলাশয়ও পর্যায়ক্রমে পুনঃখনন করা হবে।

## ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ১৮০০.০০ কিমিঃ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃ খননের মাধ্যমে নদ-নদীর নাব্যতা বৃদ্ধি ও জলাবদ্ধতা দূরীকরন করা হবে।

# সেকশন ১:

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলিঃ**

১.১ **রূপকল্প (Vision):** জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা

১.২ **অভিলক্ষ্য (Mission):** ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুষম ও সমন্বিত পানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

### ১.৩.১ পানি উন্নয়ন বোর্ডের কৌশলগত উদেশ্যসমূহ

১. নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ;

২. সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন

৩. হাওর ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন

৪. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

## ১.৪ কার্যাবলি (Functions):

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;

২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম;

৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিত গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম;

৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;

৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;

৬. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;

৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি; এবং

৮. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

# সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Terget/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ | প্রক্ষেপন (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | | [১.১]বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [১.১.১] বাঁধ নির্মাণ | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | | [১.১.২] বাঁধ পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতিকরণ | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | [১.৩] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [১.৩.১] ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | | [১.৩.২] এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | [১.৪] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন | [১.৪.১] নিষ্কাশন খাল খনন/পুনঃখনন | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | | [১.৪.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | সংখ্যা | | | | | | | | | | |
| | | | [১.৪.৩] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/মেরামত/পুনর্বাসন | সংখ্যা | | | | | | | | | | |
| [২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন; | | [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.২] সেচ খাল খনন/পুনঃখনন | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | | [২.১.২] সেচ কাঠামো নির্মাণ | সংখ্যা | | | | | | | | | | |
| | | | [২.১.৩] সেচ কাঠামো পুননির্মাণ/মেরামত/পুনর্বাসন | সংখ্যা | | | | | | | | | | |
| | | [২.২] প্রকল্প সুবিধাভোগীদের নিয়ে অংশীদারিত্বমূলক পানি ব্যবস্থাপনা কার্যক্রমের সম্প্রসারণ | [২.২.১] পানি ব্যবস্থাপনা গ্রুপ/এসোসিয়েশন গঠন | সংখ্যা | | | | | | | | | | |
| | | | [২.২.২] গঠনকৃত পানি ব্যবস্থাপনা গ্রুপ/এসোসিয়েশন নিবন্ধন | সংখ্যা | | | | | | | | | | |
| | | | [২.২.৩] নিবন্ধিত কৃষক সদস্যদের প্রশিক্ষণ | জন | | | | | | | | | | |
| ৩. হাওর ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন | | [৩.১] আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ | [৩.১.১] ডুবন্ত বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ/ মেরামত/পুনরাকৃতিকরণ | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | | [৩.১.২] নদী ও খালের উপর অস্থায়ী ক্লোজার নির্মাণ | সংখ্যা | | | | | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Terget/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ | প্রক্ষেপন (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |
| | | | [৩.১.৩] খাল পুনঃখনন | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | [৩.২] উপকূলীয় এলাকায় বন্যা প্রতিরোধকল্পে বাঁধ টেকসই করা | [৩.২.১] উপকূলীয় বাঁধ মেরামত/ উচুঁকরণ | কিঃমিঃ | | | | | | | | | | |
| | | | [৩.২.২] উপকূলীয় বাঁধের ঢাল প্রতিরক্ষা | কিঃমিঃ | | | | | | | | | | |
| ৪. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন | ৭৫.০০ | [৪.১] মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন | [৪.১.১] চলমান প্রতিশ্রুত কার্যক্রমসমূহের বাস্তবায়ন | শতাংশ | | | | | | | | | | |
| | | [৪.২] জলবায়ু পরিবর্তন ঝুঁকি মোকাবেলায় "জলবায়ু পরিবর্তন টাস্ট্র ফান্ড (সিসিটিএফ)" অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন | [৪.২.১] চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন সমাপ্তকরণ | সংখ্যা | | | | | | | | | | |
| | | [৪.৩] দেশব্যাপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবোর নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ। | [৪.৩.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | কিঃমিঃ | ৫.০০ | | | ৫০০.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ৩৫০.০০ | ৩০০.০০ | | |
| | | [৪.৪] বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | [৪.৪.১] ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন | কিঃমিঃ | ৭০.০০ | ৩৪৭.০০ | ১২০০.০০ | ১৮০০.০০ | ১৬২০.০০ | ১৪৪০.০০ | ১২৬০.০০ | ১০৮০.০০ | | চাহিদা অনুযায়ী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডিসেম্বর ২০২১ এ প্রকল্প সমাপ্ত। |
| | | | [৪.৪.১] নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম) | কিঃমিঃ | | | | | | | | | | |

*সাময়িক (২০১৯-২০ অর্থ-বছরের কর্মসম্পাদন চুক্তির প্রস্তাবনার আলোকে)

# আবশ্যিককৌশলগতউদ্দেশ্যসমূহ
## (মোটমান- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রারমান২০২০-২১ | | | | |
| কৌশলগতউদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগতউদ্দেশ্যেরমান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদনসূচকেরমান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য শিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃতস্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, রেজাউল মোস্তফা আশাফুদদৌলা, প্রকল্প পরিচালক,“৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুন:খনন প্রকল্প (১ম পর্যায়)“, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা এর প্রতিনিধি হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি এ, কে, এম,আমিনুল হক, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি হিসাবে রেজাউল মোস্তফা আশাফুদদৌলা, প্রকল্প পরিচালক,“৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুন:খনন প্রকল্প (১ম পর্যায়)“, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রকল্প পরিচালক,“৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুন:খনন প্রকল্প (১ম পর্যায়)“ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা, বাপাউবো কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

Ashrafuddula
21/09/2020

21/09/2020 খ্রি:

প্রকল্প পরিচালক,
“৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল
এবং জলাশয় পুন:খনন প্রকল্প (১ম পর্যায়)“,
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

তারিখ

মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
তারিখ

22.09.2020

তারিখ

# শব্দসংক্ষেপ
# (Acronyms)

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ওয়ারপো | ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন |
| নগই | নদী গবেষনা ইনিস্টিটিউট |
| জেআরসি | জয়েন্ট রিভার কমিশন |
| বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| সিডিএসপি | চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [১.১.১] বাঁধ নির্মাণ | ফসলি জমি ও জনবসতি এলাকার বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে নদী তীরে বাঁধ নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বাঁধ নির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [১.১.২] বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/পুনরাকৃতিকরণ | ফসলি জমি ও জনবসতি এলাকার বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে নদী তীরে নির্মিত বাঁধের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বাঁধ পুনঃনির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | নদী তীর সংরক্ষণ কাজ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | তীর সংরক্ষণ কাজ মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়।<br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | [১.৩] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [১.৩.১] ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নদী পুনঃখনন কাজের ক্ষেত্রে প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [১.৩.২] এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন | নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নদী পুনঃখনন কাজের ক্ষেত্রে প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | [১.৪] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন | [১.৪.১] নিষ্কাশন খাল পুনঃখনন | খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নিষ্কাশন খাল পুনঃখনন কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [১.৪.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | স্লুইস গেইট, রেগুলেটর, পাম্প স্টেশন, বোট পাস প্রভৃতি অবকাঠামো নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো নির্মাণ কাজের ক্ষেত্রে মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়।<br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [১.৪.৩] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন | স্লুইস গেইট, রেগুলেটর, পাম্প স্টেশন, বোট পাস প্রভৃতি অবকাঠামো মেরামত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো পুনঃনির্মাণ কাজের ক্ষেত্রে মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| ২ | [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.২] সেচ খাল খনন/ পুনঃখনন | সেচ সুবিধা বৃদ্ধির জন্য সেচ খাল খনন/পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | খনন/পুনঃখননকৃত সেচ খালের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [২.১.২] সেচ কাঠামো নির্মাণ | সেচ সুবিধার্থে অবকাঠামো নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সেচ স্ট্রাকচার নির্মাণ কাজের ক্ষেত্রে মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | [২.১.৩] সেচ কাঠামো পুনর্নির্মাণ/মেরামত/পুনর্বাসন | সেচ সুবিধার্থে প্রভৃতি অবকাঠামো মেরামত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সেচ কাঠামো পুননির্মাণ/মেরামত/ পুনর্বাসন কাজের ক্ষেত্রে মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | [২.২] প্রকল্প সুবিধাভোগীদের নিয়ে অংশীদারিত্বমূলক পানি ব্যবস্থাপনা কার্যক্রমের সম্প্রসারণ | [২.২.১] পানি ব্যবস্থাপনা গ্রুপ/এসোসিয়েশন গঠন | অংশগ্রহণমুলক পানি ব্যবস্থাপনা গ্রুপ/এসোসিয়েশন গঠন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | পানি ব্যবস্থাপনা গ্রুপ/ এসোসিয়েশন/ ফেডারেশন গঠন সংশ্লিষ্ট রেকর্ডপত্র গণনার মাধ্যমে হিসাব করে পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন রেজিস্ট্রেশন পরিমাপ করা হয়।<br>বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন। | |
| | | [২.২.২] গঠনকৃত পানি ব্যবস্থাপনা গ্রুপ/ এসোসিয়েশন নিবন্ধন | অংশগ্রহণমুলক পানি ব্যবস্থাপনা গঠনকৃত পানি ব্যবস্থাপনা গ্রুপ/ এসোসিয়েশন নিবন্ধন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | গঠনকৃত পানি ব্যবস্থাপনা গ্রুপ/ এসোসিয়েশন/ফেডারেশন নিবন্ধন সংশ্লিষ্ট রেকর্ডপত্র গণনার মাধ্যমে হিসাব করে পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন রেজিস্ট্রেশন পরিমাপ করা হয়। | |
| | | [২.২.৩] নিবন্ধিত কৃষক সদস্যদের প্রশিক্ষণ | অংশগ্রহণমুলক পানি ব্যবস্থাপনার জন্য নিবন্ধিত কৃষকের প্রশিক্ষণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | প্রশিক্ষণ প্রাপ্ত কৃষক ও কোর্স সংশ্লিষ্ট রেকর্ডপত্র গণনার মাধ্যমে পরিমাপ করা হয়। | |
| ৩ | [৩.১] আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ | [৩.১.১] ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনঃরাকৃতিকরণ | আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধে ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনঃরাকৃতিকরণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বাঁধ পুনঃনির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [৩.১.২] নদী ও খালের উপর অস্থায়ী ক্লোজার নির্মাণ | আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধে নদী ও খালের উপর অস্থায়ী ক্লোজার নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নদী ও খালের উপর অস্থায়ী ক্লোজার নির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়। | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [৩.১.৩] খাল পুনঃখনন | হাওরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে খাল পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | খাল পুনঃখনন কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | [৩.২] উপকূলীয় এলাকায় বন্যা প্রতিরোধকল্পে বাঁধ টেকসই করা | [৩.২.১] উপকূলীয় বাঁধ মেরামত/ উচুঁকরণ | উপকূলীয় এলাকায় বন্যা প্রতিরোধকল্পে বাঁধ টেকসই করার লক্ষ্যে উপকূলীয় বাঁধ মেরামত/ উচুঁকরণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপকূলীয় বাঁধ পুনঃনির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [৩.২.২] উপকূলীয় বাঁধের ঢাল প্রতিরক্ষা | উপকূলীয় এলাকায় বন্যা প্রতিরোধকল্পে বাঁধ টেকসই করার লক্ষ্যে উপকূলীয় বাঁধের ঢাল প্রতিরক্ষা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপকূলীয় বাঁধের ঢাল প্রতিরক্ষা কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়।<br><br>মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| ৪ | [৪.১] মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন | [৪.১.১] চলমান প্রতিশ্রুত কার্যক্রমসমূহের বাস্তবায়ন | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির আওতায় চলমান কার্যক্রমসমূহের বাস্তবায়ন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | [৪.২] সরকারী নির্বাচন ইশতেহারের বাস্তবায়ন | [৪.২.১] সিসিটিএফ এর আওতায় চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন সমাপ্তকরণ | চলতি অর্থ-বছরে কতটি সিসিটিএফ এর আওতায় চলমান প্রকল্প সমাপ্ত হবে | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [৪.২.২] উপকূলীয় সবুজ বেস্টনী | উপকূলীয় সবুজ বেস্টনী | বাংলাদেশ পানি | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | নির্মাণকল্পে উপকূলীয় এলাকায় বাঁধে বৃক্ষরোপণ | নির্মাণকল্পে কতটি গাছ রোপণ করা হবে | উন্নয়ন বোর্ড | পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | [৪.৩] সরকারী নির্বাচন ইশতেহার ও বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | [৪.৩.১] ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন | "৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন" শীর্ষক প্রকল্পের আওতায় ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |
| | | [৪.৩.১] নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম=৩০.০০ কিঃমিঃ) | | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | |